R. N. No. 2532/57 Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)


এম বি পাম্পসেট
চাষীভাইদের স্বপ্নকে সার্থক করে তোলে।
পরিবেশক :—
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৫শ বর্ষ
৯ম সংখ্যা

রঘুনাথগঞ্জ, ২৭শে আষাঢ় বুধবার, ১৩৮৫ সাল।
১২ই জুলাই, ১৯৭৮ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৭৲, সডাক ৮৲

## গ্রাম্য দলাদলিতে ত্রৈলোক্যনগর প্রাঃ বিদ্যালয় বিধ্বস্ত

নিজস্ব সংবাদদাতা, ১২ জুলাই শিক্ষক নিয়োগ নিয়ে গ্রাম্য দলাদলির দরুণ সাগরদীঘি ব্লকের ত্রৈলোক্যনগর প্রাথমিক বিদ্যালয়টি সমূলে ধ্বংস হয়ে গেল। বছর ছয়েক আগে গ্রামবাসীদের আর্থিক সাহায্য ও প্রচেষ্টায় যে প্রাথমিক বিদ্যালয়টির উদ্বোধন করা হয়েছিল, দীর্ঘদিন চালু থাকার পর সেই প্রাথমিক বিদ্যালয়টির এহেন দুর্দশা সেদিন স্বচক্ষে দেখে এলাম। দেখে ও শুনে এলাম বিদ্যালয়টির ধ্বংস ও প্রতিষ্ঠার ইতিবৃত্ত। যে আশাকে সামনে রেখে বিদ্যালয়টির প্রতিষ্ঠা, বলতে বাধা নেই আজ তা পুরোপুরি বিধ্বস্ত। প্রায় আট বিঘে জমির উপর আজ থেকে ছ'বছর আগে ১৯৭২ সালের ৩ জানুয়ারী সাগরদীঘির বালিয়া অঞ্চলে কয়েকশো মানুষের ঘনবসতিপূর্ণ গ্রাম ত্রৈলোক্যনগরে গড়ে উঠেছিল প্রয়োজনীয় এই প্রাথমিক বিদ্যালয়টি। কায়িক শ্রম ও আর্থিক সাহায্যে তৈরী হয়েছিল বিদ্যালয়ের পাকা গৃহ। তিনজন শিক্ষিত যুবক নিযুক্ত হয়েছিলেন স্কুলে স্বেচ্ছা-শিক্ষাদানের জন্য। সরকারী দপ্তরে আবেদন পাঠানো হয় স্কুলটিকে দ্রুত অনুমোদন চাওয়ার জন্য। বিদ্যালয় অবর পরিদর্শক স্কুলটি পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেন।

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## সদরঘাট স্থানান্তরের অনুরোধ

রঘুনাথগঞ্জ, ১০ জুলাই—ভাগীরথীর অন্তর্ঘাতী ভাঙনের হাত থেকে জঙ্গিপুর শহরকে বাঁচানোর জন্য সরস্বতী লাইব্রেরী থেকে কলেজঘাট পর্যন্ত ভাগীরথী তীর বাঁধানোর কাজ শুরু হয়েছে। গতবার এই এলাকায় অন্তর্ঘাতী ভাঙন সম্পর্কে সেচ বিভাগ থেকে জনসাধারণকে হুঁশিয়ারী দেওয়া হয়েছিল। এবার পাথর দিয়ে বিপজ্জনক ওই এলাকা বাঁধিয়ে দেওয়া হচ্ছে। এবং এই বাঁধানোর কাজ নৌকায় অথবা ডাঙায় চলবে বলে দুর্ঘটনার আশঙ্কায় সেচ বিভাগের একজিকিউটিভ ইনজিনীয়ার জঙ্গিপুর মহকুমা শাসককে পরামর্শ দেন সদরঘাট সাময়িকভাবে স্থানান্তরিত করার। মহকুমা শাসক মীরা পাণ্ডে সেই পরামর্শের ভিত্তিতে জঙ্গিপুর পুরসভাকে অনুরোধ করেন ১৫/৮/৭৮ অথবা কাজ শেষ না হওয়া পর্যন্ত সদরঘাট সরিয়ে নিয়ে যেতে।

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## প্রিয়রঞ্জন দাসমুনসীর সভায় গণ্ডগোল

ফরাক্কা ব্যারেজ, ৮ জুলাই—আই এন টি ইউ সি-র ডাকে গতকাল এখানকার নেতাজী ময়দানে একটি জনসভার আয়োজন করা হয়। এই সভায় সভাপতিত্ব করেন কংগ্রেস নেতা সুদীপ বন্দ্যোপাধ্যায়। প্রধান অতিথির ভাষণে কংগ্রেসের সর্বভারতীয় নেতা প্রিয়রঞ্জন দাসমুনসী নিজেই সর্বেসর্বা হয়ে কাজ করেছেন এবং ফরাক্কা ব্যারেজ কর্মচারীদের নানা সুযোগ সুবিধার ব্যবস্থা তিনি নিজেই করেছেন বললে মাষ্টার রোল ওয়ারকারস ইউনিয়নের মিহির চ্যাটারজি, নিতীশ দে ও অলক ভট্টাচার্য প্রমুখ দাসমুনসীর বক্তব্যের প্রতিবাদ করেন। শ্রোতাদের একাংশের মধ্যে গণ্ডগোলের সৃষ্টি হয় এবং ধস্তাধস্তি হয় বলে পুলিশ সূত্রে জানা যায়। ফরাক্কা থানার ও সি দ্রুত

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## সেরা ছেলে শুভাশীষ

নিজস্ব সংবাদদাতা : ১৯৭৮ সালের মাধ্যমিক পরীক্ষায় কাঞ্চনতলা জে ডি জে ইন্‌ষ্টিটিউসনের শুভাশীষ চৌধুরী ৬টি বিষয়ে লেটার পেয়ে পশ্চিমবাংলায় কুড়ি জন সেরা ছেলের মধ্যে সপ্তদশ স্থান অধিকার করেছে। তার প্রাপ্ত মোট নম্বর ৮৪৪। শুভাশীষের বাবা নীহার চৌধুরী ঐ ইন্‌ষ্টিটিউশনেরই প্রধান শিক্ষক। কিছুদিনের মধ্যেই মধ্যশিক্ষা পর্ষদের পক্ষ থেকে কুড়ি জনের মধ্যে তাকেও কলকাতায় এক অনুষ্ঠানে সম্বর্ধনা জানানো হবে বলে জানা গেছে।

## রাজনৈতিক প্রতিশোধ

জঙ্গিপুর, ১২ জুলাই—কিসমৎ গিরিয়া প্রাইমারী স্কুলের ইন্দিরা কংগ্রেস সমর্থক বলে কথিত জনৈক শিক্ষক কিসমৎ গিরিয়া নিবাসী নেশমহম্মদ সেখের পুত্র হুমায়ুন সেখকে সি পি আই ( এম ) সমর্থকের পুত্র বলে গত বুধবার অকারণে নাকি

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## সাঁতার ২৪ সেপ্টেম্বর

নিজস্ব সংবাদদাতা, ১৯ জুলাই—রঘুনাথগঞ্জ সদরঘাট থেকে গোরাবাজার ঘাট পর্যন্ত গঙ্গাবক্ষে ১৪.৪৮ কিমি সাঁতার প্রতিযোগিতা আগামী ২৪ সেপ্টেম্বর অনুষ্ঠিত হচ্ছে বলে জানা গেছে। এই সাঁতার সুষ্ঠুভাবে অনুষ্ঠানের জন্য জঙ্গিপুর কমিটি গড়ে তোলা হয়েছে। সাব-যুগ্ম-আহ্বায়ক মনোনীত হয়েছেন পার্থসারথি ব্রহ্ম ও রঞ্জন সরকার। গত বছর এই সাঁতার অনুষ্ঠানকে ঘিরে জঙ্গিপুরে তুমুল বিক্ষোভ পরিলক্ষিত হয়। অভিযোগ এসেছে এ বছরও কমিটি গঠনের সভায় বহু ক্লাব, সংস্থা ও বিশিষ্ট ব্যক্তিদের আহ্বান জানানো হয়নি।

## ওয়ার্ডমাষ্টার অভিযুক্ত

রঘুনাথগঞ্জ, ১২ জুলাই—বিয়ে করার অজুহাতে শংকরের বাসন্তী চ্যাটারজি (১৮) নামে এক তরুণীকে বাবার কাছ থেকে অপহরণ, স্বামী-স্ত্রীর মত বসবাস, মারধোর এবং আত্মহত্যায় বাধ্য করানোর অভিযোগে জঙ্গিপুর মহকুমা হাসপাতালের ওয়ারডমাষ্টার জগন্নাথ মণ্ডলের বিরুদ্ধে জঙ্গিপুর আদালতে ৩০৬, ৩৬৫ ও ৩৭৬ ধারায় আজ একটি মামলা রুজু করা হয়েছে। পুলিশ সূত্রের খবরে প্রকাশ, স্বামী-স্ত্রীর মত একত্রে বসবাসের সময় জগন্নাথ মণ্ডল বাসন্তীর ওপর অত্যাচার করতেন। ৩০ জুন বাসন্তীর ওপর দৈহিক নির্যাতন এমন পর্যায়ে পৌঁছায় যে, বাসন্তী নাকি আত্মহত্যার উদ্দেশ্যে হাসপাতাল কোয়ারটারসের ছাদ থেকে লাফ দেয় এবং আহত হয়।

আপনার গৃহসজ্জায় অনুপম সৌন্দর্য্যের জন্য যুগান্তকারী একটি নাম—
গোদরেজ

আমাদের সঙ্গে যোগাযোগ করুন, আমরা আপনার ঘরে গোদরেজের আলমারী, রিফ্রেজেটর, চেয়ার-টেবিল নামমাত্র খরচে পৌঁছে দেব ॥

অনুমোদিত পরিবেশক
মেঃ ভকত ভাই প্রাঃ লিঃ
বোলপুর ★ বীরভূম
পিন : ৭৩১২০৪
ফোন নং ২৪১

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২৭শে আষাঢ় বুধবার, ১৩৮৫ সাল।

## বারোর বিপত্তি

সাম্প্রতিক সরকারী নির্দেশ বিদ্যালয়ের দ্বাদশ শ্রেণীর শিক্ষাব্যবস্থায় এক সংকটের সৃষ্টি করিয়াছে। এতদ্-অঞ্চলের যে সমস্ত বিদ্যালয় দ্বাদশ শ্রেণীর পাঠক্রম চালু করিবার অনুমতি লাভ করিয়াছিল তাহার বেশীর ভাগ বিদ্যালয় আংশিক সময়ের শিক্ষক নিয়োগ করিয়া পঠন-পাঠনের ব্যবস্থা চালাইয়া যাইতেছিল। এমনি সময়ে বিদ্যালয়গুলিতে আংশিক সময়ের শিক্ষা নিয়োগ স্থগিত এবং নিযুক্ত শিক্ষকদের চাকুরী হইতে বরখাস্ত করার যে নির্দেশ আসিয়াছে তাহা দ্বাদশ শ্রেণীযুক্ত বিদ্যালয়গুলির শিক্ষাব্যবস্থায় এক গুরুতর আঘাত হানিয়াছে। পরিবর্তে পূর্ণ সময়ের দুইজন শিক্ষক তাহাও অস্থায়ীভাবে নিয়োগের কথা সরকারী নির্দ্দেশনামায় বলা হইয়াছে। বিদ্যালয়গুলিতে যেখানে অধিক সংখ্যক শিক্ষকের প্রয়োজন সেখানে দুইজন পূর্ণ শিক্ষকের নিয়োগ দ্বারা সমস্যার সমাধান কি প্রকারে সম্ভব?

কয়েকদিন হইল—মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশিত হইয়াছে। ছাত্র ভর্তির সময় হইয়াছে একাদশ শ্রেণীতে। ভর্তির বিষয়ে ছাত্র এবং অভিভাবকের মধ্যে চিন্তা জাগিয়াছে। যে সব অঞ্চলে কলেজ নাই, শুধু বিদ্যালয়ে দ্বাদশ শ্রেণী রহিয়াছে সেখানে শিক্ষকাভাব যে সংকট সৃষ্টি করিয়াছে তাহাতে বিদ্যালয় কর্তৃপক্ষ, ছাত্র এবং অভিভাবক—সকলেই ভর্তি বিষয়ে গুরুতর সংকটের সম্মুখীন হইয়াছেন। যে সমস্ত স্থানে কলেজে এবং বিদ্যালয়ে এই পাঠক্রম চালু আছে সেখানে হয়তো ছাত্রেরা প্রথমতঃ কলেজে গিয়া ভর্তি হইবার সুযোগ গ্রহণ করিবে তবে কলেজের আসন সংখ্যাও সীমিত থাকায় পাঠেচ্ছু সমস্ত ছাত্রের আসন সংকুলনে সেখানে হইবে না। এই অবস্থায় অনেক ছাত্র কলেজে পড়ার সুযোগ না পাইয়া বিদ্যালয়ে আসন সংগ্রহের জন্য আসিবে। অথচ এমনি সময়ে উক্ত শিক্ষা কর্তৃপক্ষের নির্দ্দেশ মত বিদ্যালয় কর্তৃপক্ষ ও তাহাদের আংশিক সময়ের শিক্ষকদের বরখাস্তের ফরমান জারী করিয়াছেন এবং পূর্ণ সময়ের শিক্ষক নিয়োগ সম্পর্কে সম্পূর্ণ নিশ্চিন্ত হইতে না পারার ফলে ও ভর্তি বিষয়ে ইতঃস্ততঃ বোধ করিতেছেন বলিয়াও জানা যাইতেছে। এখন প্রশ্ন হইল—স্থানীয় বিদ্যালয়গুলিতে, যেখানে যেখানে অবশ্য এই পাঠক্রম চালু আছে, ছাত্রেরা ভর্তি হইতে না পারে তবে তাহারা পড়াশোনার জন্য কোথায় যাইবে?

বিদ্যালয়গুলিতে অনেক জায়গায় সমস্যার জটিলতা বাড়াইয়া তুলিয়াছে আংশিক সময়ের শিক্ষকদের ছাঁটাই। বেশ কিছু সংখ্যক বেকার শিক্ষিত যুবক সামান্য কিছু টাকার বিনিময়ে আংশিক সময়ের শিক্ষকতার কাজে যোগদান করিয়া ভবিষ্যতে পূর্ণ সময়ের পদে নিযুক্ত হইবার ক্ষীণ আশাটুকু মনে মনে পোষণ করিয়া আসিতেছিলেন—সরকারের এই নির্দেশনামায় তাহাদের সেই আশা ও সম্ভাবনাটুকুও নস্যাৎ হইয়া গিয়া পুনরায় তাহারা সেই বেকারত্বের সম্মুখীন হইয়া পড়িলেন।

দেশের জনপ্রিয় সরকার যখন বেকারী ঘুচাইবার জন্য বেকারভাতা প্রচলন করিতে চলিয়াছেন তখন বিদ্যালয়ে নিযুক্ত আংশিক সময়ের শিক্ষকদের ছাঁটাই এর নির্দেশ সেই নীতির স্ববিরোধিতা করিতেছে না কি?

## চিঠি-পত্র

( মতামত পত্রলেখকের নিজস্ব )

### আমলার চোখে শিক্ষক

আমরা শুনিয়া থাকি শিক্ষকই জাতির মেরুদণ্ড, শিক্ষকদিবসে আড়ম্বর-পূর্ণ আয়োজন দেখিয়া আর ঐ সভায় শিক্ষক জাতির আদর্শ সম্পর্কে বড় বড় আমলা সভাপতিরা ও বক্তারা যখন শিক্ষকদিগকে বাগবিস্তার দ্বারা উচ্চে তুলিয়া দেন তখন আমরা পুলক ও শিহরণ অনুভব করি। সেই উচ্চ স্থান হইতে মাটির পৃথিবীতে আসিতে আমাদের সময় লাগে। আমাদের পূর্বপুরুষ আদর্শ মহাপণ্ডিত রামনাথ নাকি তেঁতুল পাতার ঝোল খাইয়া ও পাতার কুটীরে বাস করিয়া শিক্ষাদর্শের মান অক্ষুণ্ণ রাখিয়াছেন, তাঁহারই অনুগামী হইয়া আজ আমরা কেন সম্মান ও অর্থের দাবীতে আমাদেরই প্রগতিশীল সরকারকে মাঝে মাঝে বিব্রত করিয়া তুলিতেছি, ইহা আমলাদের চোখে বড় বিস্ময় বলিয়া ঠেকিতেছে। সরকারী আমলাদের চোখে শিক্ষকরা যে কতটা শ্রদ্ধার পাত্র তাহা আর একবার পরীক্ষা হইয়া গেল বিগত পঞ্চায়েৎ নির্বাচনে শিক্ষকদিগকে প্রিজাইডিং অফিসার না করিয়া ১ম, ২য় ও ৩য় পোলিং অফিসারের নিয়োগ হইতে। শতকরা নব্বই ভাগ ক্ষেত্রে তথাকথিত আমলা-প্রিজাইডিং অফিসার অপেক্ষা এই শিক্ষকদের শিক্ষাগত যোগ্যতা ও চাকরির কার্য্যকাল অধিক থাকা সত্ত্বেও তাঁহারা প্রিজাইডিং অফিসারের পদে অযোগ্য বিবেচিত হইয়াছেন। মনে হয় ইহারা জাতিতে শিক্ষক, সুতরাং অপাংক্তেয়। ইংরেজ শাসন-যুগের প্রথম দিকে বাঙালী 'বাবুরা' কয়েকটা ইংরেজী শব্দ মুখস্থ করিয়া আকারে ইঙ্গিতে-ভঙ্গিতে বড় সাহেবকে ঘটনা বুঝাইতে পারিলেই তাহার ভাগ্যে চাকরি জুটিত; সভা-সমিতি-সমাজে তাহার কত সম্মান বাহবা। জাতীয় সরকারের এই আমলারা যে তাহাদেরই পরবর্তী সংস্করণ, তাই সাজে, পোশাকে ও দৃষ্টিভঙ্গীতে পূর্ব-গামীদের অনুকরণ করিয়া চলিয়াছেন।

—শিশিরকুমার মণ্ডল, বাড়ালা রামদাস সেন উচ্চ বিদ্যালয়।

## স্থানান্তরের অনুরোধ

( ১ম পৃষ্ঠার পর )

মহকুমা শাসকের ঘাট সরিয়ে ফেলার অনুরোধে মিশ্র প্রতিক্রিয়া শুরু হয়। যাত্রীরা হয়রানির আশঙ্কায় উদ্বেগ প্রকাশ করেন। গতকাল পুরকমিশনারদের এক সভা অনুষ্ঠিত হয়। ওই সভায় এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় যে, ঘাট সরিয়ে নিয়ে গেলে স্কুল কলেজ এবং সর্বস্তরের যাত্রীদের ভয়ানক অসুবিধা হবে। তাছাড়া হাইকোর্টের ইনজাংশানের ফলে ঘাট সংক্রান্ত সমস্ত কাজ বন্ধ হয়ে আছে। ইতিপূর্বে একই কাজ হয়েছে, কিন্তু ঘাট কোনদিন বন্ধ হয়নি। এর পরেও ঘাট সরিয়ে নিয়ে যাওয়ার আদেশ দিলে দায়দায়িত্ব বর্তাবে মহকুমা শাসকের উপর। মহকুমা শাসক পুরসভার এই সিদ্ধান্তের পর উপপুরপতির সঙ্গে আলোচনা করেন এবং ঘাট পরিদর্শন করে পুরসভাকে ঘাট চালু রাখা হবে বলে জানান বলে জানা যায়।

## দাসমুন্সীর সভায় গণ্ডগোল

( ১ম পৃষ্ঠার পর )

সভাস্থলে উপস্থিত হয়ে উত্তেজনা প্রশমিত করেন। ততক্ষণে সভা বন্ধ করে প্রিয়বাবু ফরাক্কা থানায় উপস্থিত হন এবং অভিযোগ লিপিবদ্ধ করেন। ওদিকে ওই সভাতেই প্রিয়বাবুর বক্তব্যের সমালোচনা করে বক্তব্য রাখেন মিহির চ্যাটারজি, নিতীশ দে প্রমুখ।

## রাজনৈতিক প্রতিশোধ

( ১ম পৃষ্ঠার পর )

প্রহার করেন। এই অভিযোগ করে নেশমহম্মদ জানিয়েছেন, তিনি স থ্যা-লঘু সম্প্রদায় আবদাল শ্রেণীর অন্তর্ভুক্ত। ওই স্কুলের শিক্ষকরা ছাত্র পড়ানোর পরিবর্তে রাজনৈতিক প্রতিশোধ তোলার জন্য নাকি ছাত্র ঠেঙিয়ে থাকেন। নেশমহম্মদ এ ব্যাপারে বিভাগীয় কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছেন।

## ডাকঘর গলির দুরবস্থা

রঘুনাথগঞ্জ, ১০ জুলাই—বর্ষায় রঘুনাথগঞ্জ ডাকঘর সংলগ্ন গলির দুরবস্থা চরমে পৌচেছে। জলকাদা জমে মানুষের চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। অথচ ডাকঘরে প্রবেশের একমাত্র রাস্তা এই গলি। ডাকঘরটি সংস্কারের পর এই অবস্থার সৃষ্টি হয়েছে। অবিলম্বে উঁচু করে খোয়া ফেলে দুই দিকে জলনিকাশী ব্যবস্থা করে গলিটি মানুষ চলাচলের উপযোগী করে তোলার দাবি জানানো হচ্ছে।

## গণপ্রহারে মৃত্যু

রঘুনাথগঞ্জ, ১০ জুলাই—গতকাল এই থানার জয়রামপুরে গণপ্রহারে একজন চোরের ভবলীলা সাঙ্গ হয়েছে বলে পুলিশ সূত্রে খবর পাওয়া গিয়েছে। প্রকাশ, ৩ জন চোর ওই রাত্রে গ্রামের আবদুল লতিফের বাড়ীতে চুরি করতে যায়। তাদের মধ্যে একজন বামাল ধরা পড়ে গ্রামবাসীদের হাতে এবং প্রহারের ফলে ঘটনাস্থলেই সে প্রাণ হারায়।

## কার্যকরী কমিটি গঠন

সাগরদীঘি, ৯ জুলাই—গতকাল সাগরদীঘি সুরেন্দ্রনারায়ন উচ্চ বিদ্যালয়ে অফিস বেয়ারার নির্বাচনে কার্যকরী কমিটি গঠিত হয়েছে। পুনরায় সভাপতি ও সম্পাদক নির্বাচিত হয়েছেন যথাক্রমে এস আই কালিদাস দে ও মদনমোহন ভকত।

# বারোয়ারী বীজতলার অনেক সুবিধে

চলতি আমন মরশুমে আলাদা আলাদা বীজতলা তৈরী না করে জমির মান অনুযায়ী এবং আগাম শস্য পরিকল্পনামত আমন ধানের অধিক ফলনশীল জাত নির্বাচন করে বারোয়ারী বীজতলায় বীজচারা তৈরী করুন। এতে অনেক সুবিধে ঃ—

১) সময়মত বীছন তৈরী হবে এবং সঠিক সময়ে রোয়া করা যাবে।
২) সেচ বা জলনিকাশের সুবিধাযুক্ত জায়গা বেছে নিয়ে একসঙ্গে বীছন তৈরী করা যাবে। খরা বা বেশী বর্ষায় ক্ষতি হওয়ার সম্ভাবনা খুব কম।
৩) এক জাতের বীজ এক মাঠে লাগানো যাবে।
৪) রোগ ও কীটনাশক ঔষধ ছেটানোর অনেক সুবিধে।
৫) শস্যপর্য্যায় ঠিকমত মেনে চলা যাবে।
৬) সেচের জলের সুষ্ঠু ব্যবহার করা যাবে।

ব্লক বীজখামারে উন্নত মানের অধিক ফলনশীল ধান পাওয়া যাচ্ছে। এ বিষয়ে আরো জানবার জন্য স্থানীয় কৃষিকর্মীর সঙ্গে যোগাযোগ করুন।

## মুর্শিদাবাদ জেলার কৃষি আধিকারিক কর্ত্তৃক প্রচারিত

( মুর্শিদাবাদ জেলা তথ্য ও জনসংযোগ দপ্তর কর্ত্তৃক প্রেরিত )

# বিজ্ঞপ্তি

পশ্চিমবঙ্গ অত্যাবশ্যকীয় পণ্য সরবরাহ কর্পোরেশন লিমিটেড এই রাজ্যে সিমেন্ট বন্টনের জন্য ডিলার নিয়োগ করার সিদ্ধান্ত নিয়েছেন। সিমেন্ট বন্টনের নূতন পদ্ধতি ১৯৭৮ সালের ১লা অক্টোবর তারিখ হইতে চালু করা হইবে।

বর্তমান লাইসেন্সধারী সিমেন্ট ব্যবসায়িগণ যতক্ষণ পর্য্যন্ত পশ্চিমবঙ্গ অত্যাবশ্যকীয় পণ্য সরবরাহ নিগমের নিযুক্ত ডিলারের জন্য আবেদন না করিবেন, ততক্ষণ পর্য্যন্ত তাহাদের জন্য সিমেন্টের কোন বরাদ্দ মঞ্জুর করা হইবে না।

আবেদনকারীদের আগামী ১৫ই জুলাই, ১৯৭৮ তারিখের মধ্যে নিজ নিজ এলাকায় সংশ্লিষ্ট মহকুমা নিয়ামক, খাদ্য ও সরবরাহ মহাশয়ের নিকট নির্দিষ্ট ফরমে দুই প্রস্থে দরখাস্ত করিতে হইবে।

শর্ত সংক্রান্ত বিস্তারিত বিবরণাদি এবং আবেদনপত্রের নমুনা এই জেলার অন্তর্গত মহকুমা নিয়ামকের খাদ্য ও সরবরাহ দপ্তরগুলিতে পাওয়া যাইবে।

স্বাঃ অশোক গুপ্ত
জেলা সমাহর্তা
মুর্শিদাবাদ

[ মুর্শিদাবাদ জেলা তথ্য ও জনসংযোগ দপ্তর কর্ত্তৃক প্রচারিত ]

## প্রাথমিক বিদ্যালয় বিধ্বস্ত

( ১ম পৃষ্ঠার পর )

ইত্যবসরে গ্রামে দলাদলি মাথা চাড়া দেয় একজন শিক্ষকের নিয়োগকে কেন্দ্র করে। মহকুমা শাসকের নির্দেশে তদন্তের সময় সরকারী অফিসারের কাছ থেকে সংশ্লিষ্ট শিক্ষক স্কুলের খাতা ছিনতাই করে নিয়ে পালিয়ে যান—এই মর্মে একটি অভিযোগ সাগরদীঘি থানায় লিপিবদ্ধ করা হয়। সে ঘটনার তদন্ত চলছে। ইতিমধ্যে গ্রামবাসীদের রক্ত জল করে গড়ে তোলা বিদ্যালয়ের পাকাগৃহটি ধ্বংস করে ফেলা হচ্ছে। দরজা, জানালা-সহ গোটা স্কুলগৃহটিই আজ প্রায় মাটির সঙ্গে মিশে যাচ্ছে। গ্রামবাসী-দের অনেকেই জানেন কে বা কারা রাতের অন্ধকার এই ধ্বংসাত্মক কাজে লিপ্ত। কিন্তু ভয়ে তা কারও কাছে প্রকাশ করতে চান না। অপরদিকে সব জেনেশুনেও জঙ্গিপুরের প্রশাসন নীরব দর্শকের ভূমিকা পালন করুন, গ্রামবাসীরা তাও চান না।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের তারিখ ২৪শে জুলাই, ১৯৭৮

মোঃ নং ৩/৭৭ মনিজারী

ডিঃ মহম্মদ আমিন সেখ দিং দেং নজরুল সেখ দিং দাবি ৪৮'৬৭ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে নাইত-বৈদড়া ৪০ শতকের কাত ১৷৶৹ তন্মধ্যে ৬ শতকের কাত পরতামত ০'২৫ পঃ থং ৬৩৭ দাগ ১৯৬৭ আঃ মূল্য ১০০ টাকা।


### ডাঃ এস, এ, তালেব

ডি এম এস

পোঃ ফরাক্কা ব্যারেজ, মুর্শিদাবাদ।

হোমিওপ্যাথি মতে যাবতীয় পুরাতন রোগের চিকিৎসা করা হয়।

### ক্যালকাটা সাইকেল ষ্টোর

( জগন্নাথের সাইকেলের দোকান )

ফুলতলা রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )

বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস বিক্রয় ও মেরামতির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

### বিকো

ইলেকট্রিক মোটর ও

মোটর পাম্পসেট

ডিলার : ঊষা হার্ডওয়ার ষ্টোর

বাবুলবোনা রোড, বহরমপুর

মুর্শিদাবাদ

১নং পাটনা বিড়ি, ১নং আজাদ বিড়ি

সিনিয়র রুস্তম বিড়ি

### বঙ্গ আজাদ বিড়ি ফ্যাক্টরী

পোঃ ধুলিয়ান ( মুর্শিদাবাদ )

সেলস্ অফিস : গৌহাটি ও তেজপুর

ফোন : ধুলিয়ান—২১


### কর্মখালি

ডেপুটেশন ভ্যাকান্সিতে একজন বি-এ শিক্ষক আবশ্যক। শিক্ষণপ্রাপ্ত অগ্রগণ্য। সংস্কৃত ও হিন্দীতে বিশেষ জ্ঞান থাকা বাঞ্ছনীয়। প্রকাশের ৭ দিনের মধ্যে সেক্রেটারী, সাদিকপুর বি, কে, জুনিয়র হাই স্কুল, পোঃ নুরপুর, জেলা মুর্শিদাবাদ এই ঠিকানায় দরখাস্ত পৌঁছান চাই।


সবার প্রিয় চা—

### চা ভাণ্ডার

রঘুনাথগঞ্জ সদরঘাট

ফোন—১৬


## গঙ্গায় দূরপাল্লার সাঁতার

রুদ্রসংঘ আয়োজিত ২৮ কিমি সন্তরণ প্রতিযোগিতা ১৭ সেপটেম্বর ফরাক্কা এল সি টি ঘাট হতে নিমতিতা বি এস এফ ক্যাম্প পর্যন্ত অনুষ্ঠিত হবে। নাম দেবার শেষ তং ২৫ আগষ্ট, ১৯৭৮ প্রবেশ মূল্য -১৫ টাকা। যোগাযোগের ঠিকানা—রুদ্র সংঘ, গ্রাম ও পোঃ নিমতিতা, জেলা মুর্শিদাবাদ।

## প্যানেলের জন্য আবেদন

নিজস্ব সংবাদদাতা, ১২ জুলাই—মুর্শিদাবাদ জেলার প্রাথমিক ও নিম্ন-বুনিয়াদী স্কুলে সরকারী শিক্ষক নিয়োগের ব্যাপারে স্কুল ফাইনাল অথবা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী-দের কাছ থেকে নাম প্যানেল ভুক্তির জন্য দরখাস্ত চাওয়া হয়েছে। ১৯৭১ সালের পর স্কুল ফাইনাল অথবা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নাম পাঠানো চলবে না; তাঁদের নাম কর্মবিনিময় কেন্দ্র থেকে নেওয়া হবে। মুর্শিদাবাদ জেলা বিদ্যালয় পর্ষদের এ্যাডহক কমিটির সভাপতি কর্তৃক প্রচারিত ১৮১৮ (১০০০) নম্বর বিজ্ঞপ্তি থেকে এ খবর জানা গেছে। আবেদনের শেষ দিন ৩১ জুলাই।


## সড়ক দুর্ঘটনায় মৃত্যু

সাগরদীঘি, ১০ জুলাই—গতকাল এই থানার জোনসীর কাছে জাতীয় সড়কে লরির ধাক্কায় একজন সাইকেল আরোহী নিহত হয়েছেন বলে খবর পাওয়া গিয়েছে। সাইকেলে চেপে আসার পথে পেছন থেকে ফরাক্কাগামী একটি লরি ধাক্কা মারে বলে প্রকাশ।

আর একটি খবরে প্রকাশ, ওই দিনই রঘুনাথগঞ্জ থানার দাসপাড়ার কাছে বহরমপুরগামী একটি লরি উল্টে গেলে ৫ জন আরোহী আহত হন। আহতদের মধ্যে ২ জনকে আশঙ্কাজনক অবস্থায় বহরমপুর সদর হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে।









রঘুনাথগঞ্জ ( ফোন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।